গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www.kaliganj.lalmonirhat.gov.bd

# কালীগঞ্জ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা নম্বর | ঃ | ০৭ |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৩/০২/২০২৫, সকাল ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভাপতি | ঃ | সিফাত আনোয়ার তুমপা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সদস্যবৃন্দের উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' (উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা)। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিভাগ ভিত্তিক আলোচনা করার অনুরোধ জানানো হয় এবং নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, উপজেলা পরিষদ**<br>উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। প্রশাসক হিসেবে উপজেলা পরিষদের ন্যস্ত সকল কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি তন্মধ্যে কর্মরত পদ ০৯টি ও শুন্য পদ ২০টি। নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি তন্মধ্যে কর্মরত পদ ৩৮টি ও শুন্য পদ ০১টি। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ২.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতির প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। তাঁর দপ্তরে ডাক্তারের শুন্য পদ পুরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। চন্দ্রপুর ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বাউন্ডারী ওয়াল না থাকায় অফিস স্টাফ কোয়ার্টার ভাংচুর করে প্রতিনিয়ত কিছু মালামাল চুরি হচ্ছে। তাই দ্রুত সম্ভব বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য অনুরোধ জানান। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান রয়েছে। | ৩.১ চন্দ্রপুর ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী ওয়ালটি মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>৩.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি ২০২৪-২৫ অর্থবছরে বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫৫৮০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের সার সংকট নিরসনের বিষয়ে উপজেলার সার ডিলাগণের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। | ৪.১ চলতি ২০২৪-২৫ অর্থবছরে বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫৫৮০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সুষ্ঠুভাবে রোপা আমন ধানের সার সংকট নিরসনের বিষয়ে উপজেলার সার ডিলাগণের সাথে আলোচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.২ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। আন্তঃবিভাগের সমন্বয়ের প্রয়োজন রয়েছে এমন কার্যক্রমকে সভায় অবশ্যই উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, সংক্রামক রোগ দমনে টিকাদান কর্মসূচী চলমান রয়েছে। শীতকালীন হাঁস-মুরগীর রোগ দমনে ব্যাপকভাবে টিকাদান কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | ৫.১ সংক্রামক রোগ দমনে টিকাদান কর্মসূচী চলমান রাখাসহ শীতকালীন হাঁস-মুরগীর রোগ দমনে ব্যাপকভাবে টিকাদান কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত সকলের সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ৬.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | **উপজেলা প্রকৌশলীর দপ্তর**<br>উপজেলা প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ৭.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ৮.১ নির্ধারিত তারিখ ও সময়ে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ |
| ০৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৫ সালের মাদ্রাসা পর্যায়ে পাঠ্যপুস্তক ৩৫% ও মাধ্যমিক পর্যায়ে পাঠ্যপুস্তক ৭০% পাওয়া গিয়েছে এবং তা শ্রেণিওয়ারী যথাযথভাবে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-কে মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে ২০২৫ সালের পাঠ্যপুস্তক যথাযথভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, ভিডব্লিউবি ২০২৫-২৬ অর্থ বছরে ০৮টি ইউনিয়নের আওতায় বরাদ্দকৃত ২১৩৬ জন উপকারভোগী নির্বাচনের ডাটা এন্ট্রি এখন পর্যন্ত শুরু হয়নি মর্মে সভায় জানান। | ১০.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে মর্মে জানান। | ১১.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমাজসেবা দপ্তর**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন বয়স্ক ও বিধবা ভাতার MIS Software নতুনভাবে সাজানো হয়েছে। শুধুমাত্র অনলাইন আবেদনকারীগণ সরাসরি প্রতিস্থাপনের মাধ্যমে ভাতার আওতায় আসতে পারবেন। গত ১০/০২/২০২৫ তারিখে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে তারুণ্যের উৎসব পালন করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১২.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। | সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান সকল |
| ১৩ | **উপজেলা ত্রাণ শাখা**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে টি,আর, কাবিখা ও কাবিটা প্রকল্পের তালিকা ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গিয়েছে। প্রকল্পসমূহ উপজেলা কমিটিতে অনুমোদনপূর্বক জেলা কর্ণধর কমিটিতে চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১৩.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দাখিলকৃত ২০২৪-২০২৫ অর্থবছরে টি,আর, কাবিখা ও কাবিটা প্রকল্পের তালিকাসমূহ উপজেলা কমিটিতে অনুমোদনপূর্বক জেলা কর্ণধর কমিটিতে চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। নতুন করে ১২টি আশ্রয়ণ প্রকল্পের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। | ১৪.১ উপজেলা সমবায় কর্মকর্তাকে নিয়মিত ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। প্রশিক্ষণ প্রদান (পুরুষ ৫০৫১ জন ও মহিলা ৩৯৯১ জন)। ঋণ বিতরণ-২,২১,৯৪,৫০০/- ও ঋণ আদায় ১৭,১০,৬৫,২৬৮/- টাকা। ঋণ আদায়ের হার ৯০.২৯%। | ১৫.১ নিয়মিত ঋণ আদায় কার্যক্রম মনিটরিং এর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৯৬টি অগভীর নলকূপের স্থান তালিকা প্রদানের জন্য পুনরায় সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক এবং চলমান আছে। | ১৬.১ প্রত্যেক মাসের নির্ধারিত তারিখ ও সময়ে মাসিক সভা অনুষ্ঠানের পূর্বেই তাঁর দপ্তরের চলমান সকল কার্যক্রমের হালনাগাদ অবস্থা ও অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণ করবেন। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৯৬টি অগভীর নলকূপের স্থান তালিকা প্রদানের জন্য পুনরায় সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ |
| ১৭ | **বনবিভাগ**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তার দপ্তরের অফিস ঘর মেরামত করা একান্ত প্রয়োজন মর্মে সভায় জানান। | ১৭.১ ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্রের অফিস ঘর মেরামত করার সভায় অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র |
| ১৮ | **বিবিধ**<br>১৮.১ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বাংলা ১৪৩২ সনের ২৩টি হাট-বাজারের ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ১ম পর্যায়ে ১৯ (উনিশ) টি হাট-বাজারের অনুকূলে দরপত্র পাওয়া গিয়েছে এবং দরপত্র মূল্যে সরকারি মূল্যের চেয়ে অধিক হওয়ায় উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। বাকী ০৪ (চার) টি হাট-বাজারের অনুকূলে ২য় পর্যায়ে ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>১৮.২ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/উন্নয়ন খাত হতে ইতিমধ্যে ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের অনুকূলে উপস্থিত সকল দপ্তর প্রধানগণকে উপজেলা পর্যায়ে জনকল্যাণমূলক প্রকল্প তালিকা প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>১৮.৩ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে কাকিনা-মহিপুর সড়কে স্থাপনকৃত ব্যারিয়ারটি মেরামতকরণ বাবদ ৪৭,০৫৭/- (সাতচল্লিশ হাজার সাতান্ন) টাকা এবং সাংবাদিক মিজানুর রহমান মিলন এর সড়ক দূর্ঘটনায় আহতের কারণে আর্থিক সহায়তা বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা, ক্রীড়া ও সাংস্কৃতিক খাত হতে শিক্ষা পদক ২০২৫ অনুষ্ঠানের ব্যয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক দাখিলকৃত ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২৫ আয়োজনের ব্যয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, বিভিন্ন বিজ্ঞপ্তি প্রদান খাত হতে বাংলা ১৪৩২ সনের হাট-বাজার ও জলমহাল ইজারা বিজ্ঞপ্তির নিমিত্ত পত্রিকার বিল প্রদান করা হয়েছে। গত ২৬/১২/২০২৪ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিদ উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া কালীগঞ্জ উপজেলায় আগমন উপলক্ষ্যে বিবিধ খাত হতে (ক) ডেকোরেশন বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, | ১৮.১ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় বাংলা ১৪৩২ সনের ১ম পর্যায়ে ১৯ (উনিশ) টি হাট-বাজার সরকারি মূল্যের চেয়ে অধিক হওয়ায় সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বাকী ০৪ (চার) টি হাট-বাজারের অনুকূলে ২য় পর্যায়ে ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৮.২ উপজেলা নির্বাহী অফিসারের উপস্থাপনকৃত ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি/উন্নয়ন খাত হতে ১ম ও ২য় কিস্তির অনুকূলে উপস্থিত সকল দপ্তর প্রধানগণকে উপজেলা পর্যায়ে জনকল্যাণমূলক প্রকল্প তালিকা প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৮.৩ অপ্রত্যাশিত খাত হতে ৪৭,০৫৭/- (সাতচল্লিশ হাজার সাতান্ন) টাকা, ও ১০,০০০/- (দশ হাজার) টাকা, ক্রীড়া ও সাংস্কৃতিক খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, বিবিধ খাত হতে (ক) ডেকোরেশন বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, (খ) আলোকসজ্জা ও সাউন্ড সিস্টেম বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, (গ) হেলিপ্যাড তৈরী বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং (ঘ) আপ্যায়ন বাবদ-৪০,০০০/- টাকা বিভিন্ন বিজ্ঞপ্তি প্রদান খাত হতে বাংলা ১৪৩২ সনের হাট-বাজার ও জলমহাল ইজারা বিজ্ঞপ্তির নিমিত্ত পত্রিকার বিল পরিশোধের নিমিত্ত দাখিলকৃত খাতওয়ারী বিল পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | (খ) আলোকসজ্জা ও সাউন্ড সিস্টেম বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, (গ) হেলিপ্যাড তৈরী বাবদ-২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং (ঘ) আপ্যায়ন বাবদ-৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। উপস্থাপনকৃত খাতওয়ারী ব্যয়ত্তোর বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে সভায় অনুরোধ জানান। | | |
| | ১৮.৪ কালীগঞ্জ উপজেলায় অবসরপ্রাপ্ত যৌথবাহিনী ক্যলাণ সমিতি কর্তৃক অস্থায়ী কার্যালয় স্থাপনের নিমিত্ত উপজেলা পরিষদের জায়গা চেয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ বরাবরে আবেদন করেন। আবেদনটি পর্যালোচনায় উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় চুক্তি ভিত্তিতে অস্থায়ী কার্যালয় স্থাপনের অনুমতি দেয়া যায় কি-না সে বিষয়ে সকলের মতামত প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। | ১৮.৪ উপজেলা পরিষদের সকল সদস্যগণের মতামতের ভিত্তিতে কালীগঞ্জ উপজেলায় অবসরপ্রাপ্ত যৌথবাহিনী কল্যাণ সমিতিটি রেজিস্ট্রেশনভূক্ত কি-না তা যাচাইপূর্বক উপজেলা পরিষদের জায়গায় চুক্তির মাধ্যমে অস্থায়ী কার্যালয় স্থাপনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে অনুমতি সাপেক্ষে লীজ প্রদান করার বিষয়ে পত্র প্রেণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ১৮.৫ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ১৩/০২/২০২৫ তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় কালীগঞ্জ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ অনপুস্থিত ছিলেন। যার মূল কারণ হিসেবে গত ১১/০২/২০২৫ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়ের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটদ্বয় জনাব এস এম সাফায়াত আখতার ও জনাব রাকিবুল ইসলাম, পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট জেলা কার্যালয় এর পরিদর্শক জনাব মো: গোলাম আসিফ রহমান, ফায়ার সার্ভিস, পুলিশ ও আনসার সদস্যদের সমন্বয়ে মেসার্স এমজেএ-২ ব্রিক্স এর স্বত্বাধিকারী (জনাব মো: জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, ৫নং চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ) এর ইটভাটায় অভিযান পরিচালনার ঘটনাকে কেন্দ্র করে গত ১১/০২/২০২৫ তারিখ আনুমানিক রাত ৮.০০ টায় জনাব মো: জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, ৫নং চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ অন্যান্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানগণকে তার ইটভাটায় ডেকে নিয়ে ১৩/০২/২০২৫ তারিখের অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় এবং আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভায় উপস্থিত হতে নিষেধ করেন মর্মে বিশ্বস্ত সূত্রে জানা যায়। | ১৮.৫ উপজেলা পরিষদের অনুষ্ঠিতব্য ১৩/০২/২০২৫ তারিখের মাসিক সভায় এবং আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভায় কালীগঞ্জ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যানগণের অনুপস্থিত থাকার বিষয়টি জেলা প্রশাসক, লালমনিরহাট এবং উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট মহোদয় বরাবরে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

(সিফাত আনোয়ার তুমপা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।
মোবাইলনং-০১৭৩৩৩০০২১৩।

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৫-১২৯

তারিখ: ৩০ মাঘ ১৪৩১
১৩ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৬। উপজেলা ---------------------------------------------------------------------- কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ------------------------------------------ (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।



CamScanner

পরিশিষ্ট 'ক'

## ফেব্রুয়ারি ২০২৫ মাসের উপস্থিত/অনুপস্থিত তালিকা

### উপস্থিত সদস্যদের তালিকা

| জনপ্রতিনিধি/গণ্যমান্য ব্যক্তি | | |
|---|---|---|
| ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |

| কর্মকর্তা | | |
|---|---|---|
| ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৬. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৮. | উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ১২. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ১৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | উপস্থিত |
| ১৪. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ। | উপস্থিত |

### অনুপস্থিত সদস্যদের তালিকা

| জনপ্রতিনিধি/গণ্যমান্য ব্যক্তি | | |
|---|---|---|
| ক্রঃ নং | নাম/পদবী | হাজিরা |
| ১. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ২. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ৩. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ৪. | চেয়ারম্যান, দলগ্রাম ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ৫. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ৬. | প্যানেল চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ৭. | প্যানেল চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |
| ৮. | প্যানেল চেয়ারম্যান,কাকিনা ইউপি, কালীগঞ্জ | অনুপস্থিত |

| কর্মকর্তা | | |
|---|---|---|
| ক্রঃনং | নাম/পদবী | হাজিরা |
| ১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট। | অনুপস্থিত |
| ২. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। | অনুপস্থিত |
| ৩. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। | অনুপস্থিত |

০৮/০২/২৫

উপজেলানির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।